

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৮৮ ১

বিলোনীয়া, ১৬ ফেব্রুয়ারি, ২০২৪

দক্ষিণ ত্রিপুরা নেশামুক্ত সুপার লিগ ফুটবল টুর্নামেন্ট সমাপ্ত
নেশা সমাজের অগ্রগতিতে বাধা সৃষ্টি করে : সমবায়মন্ত্রী

দক্ষিণ ত্রিপুরা নেশামুক্ত সুপার লিগ ফুটবল টুর্নামেন্ট গতকাল সমাপ্ত হয়েছে। দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়েছিল। সমাপ্তি অনুষ্ঠান ও ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় গতকাল বিলোনীয়ার বিকেআই মাঠে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী বলেন, নেশা রাজ্যের ও সমাজের অগ্রগতিতে বাধা সৃষ্টি করে, পরিবারকে ধ্বংস করে। নেশামুক্ত ত্রিপুরা গড়তে তিনি সমাজের সকলকে বিশেষ করে যুব সমাজকে এগিয়ে আসার আবেদন জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহসভাপতি বিভীষণ চন্দ্র দাস, জেলাশাসক সাজু বাহিদ এ, ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বকুল দেবী দেবনাথ প্রমুখ। ফাইনাল ম্যাচে সাতচাঁদ শার্কস ২-১ গোলে ঋষ্যমুখ স্টার একাদশকে পরাজিত করে। অতিথিগণ চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে ট্রফি তুলে দেন এবং পুরস্কৃত করেন। তাছাড়া টুর্নামেন্টে অংশগ্রহণকারী প্রতিটি দলকে পুরস্কৃত করা হয়। নেশামুক্তির কাজে নিয়োজিত বিভিন্ন দপ্তরের আধিকারিক, এনজিও এবং নেশা আসক্তি থেকে পরিত্রাণ পাওয়া যুবকদের সংবর্ধিত করা হয় অনুষ্ঠানে। ম্যাচের বিরতিতে পরিবেশিত হয় নেশামুক্ত ভারত অভিযানের উপর নাটক। পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পর পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। উক্ত ফুটবল টুর্নামেন্টে মোট ১১টি দল অংশগ্রহণ করে। গত বছরের ২৫ নভেম্বর থেকে টুর্নামেন্ট শুরু হয়েছিল।
